

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৯

আগরতলা, ২০ জুন, ২০২৪

মাছমারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আশা ভরসা দিবস

উনকোটি জেলার মাছমারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সম্প্রতি আশা ভরসা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক, স্বাস্থ্যকর্মীগণ ও আশাকর্মীগণ জাতীয় পতঙ্গ বাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্পে ম্যালেরিয়া প্রতিরোধে এলাকায় রক্ত পরীক্ষা করা ও ব্লাড স্লাইড কালেকশন করা, আভা কার্ড জেনারেশন করা, মা ও শিশুদের সঠিক সময়ে নিয়মিত টিকাকরণের উপর গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও স্বাস্থ্যকর্মীগণ ও আশাকর্মীগণ জননী শিশু সুরক্ষা কার্যক্রম, জননী সুরক্ষা যোজনা, প্রাক প্রসব কালীন পরীক্ষা নিরীক্ষা করানো, হাসপাতালে প্রসবের প্রয়োজনীয়তা ও পরিবার পরিকল্পনার গুরুত্ব নিয়ে আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
